গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
(সংস্থাপন শাখা)
www.sylhetdiv.gov.bd

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৬. ১০৮৭ তারিখ: ৩১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ জুন ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৯.১৪-১২৬ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ২৮.০৯.২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সরকার নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর | গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ০৪ (চার) টি | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)।<br>(খ) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরের ব্যবহারিক দক্ষতা নিরূপন পরীক্ষায় (aptitude test) অবশ্যই উত্তীর্ণ হতে হবে। |

## শর্তাবলী

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

(২) সরকার নির্ধারিত আবেদন ফরম www.sylhetdiv.gov.bd ওয়েব সাইটের নোটিশ বোর্ড এবং এ অফিসের ফ্রন্ট ডেস্কে পাওয়া যাবে।

(৩) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

(ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।

(খ) ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে 'পরীক্ষার ফি বাবদ' ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি (যা আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে)।

(ঘ) নির্ধারিত ফরমে প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে ০১ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(ঙ) আবেদনপত্রের সঙ্গে নিজের নাম-ঠিকানা লিখিত ১০/- টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো ১০.৫"×৪.৫" সাইজের একটি ফিরতি খাম সংযুক্ত করতে হবে।

(৪) প্রার্থীর বয়সসীমা ২৮.০৯.২০১৭ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যা পাওয়া না গেলে পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৫) আবেদনপত্রের খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে), এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

(৬) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য নয়।

(৭) **আগামী ২৮.০৯ ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ** বিকাল ০৫:০০ টার **মধ্যে** আবেদনপত্র ডাকযোগে 'কমিশনার, সিলেট বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ডাক: কদমতলী, সিলেট-৩১১১' এই ঠিকানায় পৌঁছাতে হবে। হাতেহাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(৮) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

(৯) আবেদনপত্রে বর্ণিত যে কোন তথ্য যে কোন পর্যায়ে মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১০) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েব সাইট এবং এ কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

(১১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীকে লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত তারিখের মধ্যে চাহিত সকল কাগজপত্র দাখিল করতে হবে।

(১২) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৩) কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

(১৪) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০/০৮/১৭


(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
কমিশনার
সিলেট বিভাগ, সিলেট।
ফোন: ০৮২১-৮৪০০০২
ফ্যাক্স: ০৮২১-৮৪০০২০
ই-মেইল: divcomsylhet@gmail.com
divcomsylhet@mopa.gov.bd


সদয় অবগতি এবং নিজ ও অধঃস্তন অফিসের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:

১-২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৪। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫-৮। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি ও নির্ধারিত ফরমটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
১০-১৩। পুলিশ সুপার, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
১৪-১৭। সিভিল সার্জন, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
১৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট (বিজ্ঞপ্তিটি আগামী ২৮.০৯.২০১৭ খ্রিস্টাব্দ তারিখের পূর্বে কয়েকদিন বেতারে প্রচারের অনুরোধসহ)।
১৯। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ ও বিজ্ঞাপন, তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং- ৮০৭ (৮ম তলা), ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সিনিয়র সহকারী প্রধান, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
২২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
২৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট।
২৪। উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
২৫। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট।
২৬। পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সিলেট রেঞ্জ, সিলেট।
২৭। জেলা রেজিস্ট্রার, সিলেট।
২৮। উপ-পরিচালক, সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, উপশহর, সিলেট।
২৯। সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
৩০-৩২। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৩৩-৩৬। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার, জেলা কমান্ড।
৩৭-৩৮। সম্পাদক, যুগান্তর, ঢাকা/দৈনিক উত্তরপূর্ব, সিলেট।
৩৯। নাজির, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।